পরিবেশ আকাদেমী

বড় বাজার , চন্দন নগর হুগলী -৭১২১৩৬

PARIBESH ACADEMY

BARABAZAR, CHANDANNAGAR, HOOGHLY, PIN-712136, WEST BENGAL

.....

মহাশয়,

.....

বিষয়ঃ পরিবেশ বিষয়ক কর্মশালা ও সম্মেলন ,তারিখঃ ২৫ডিসেম্বর,শুক্রবার ২০২০

প্রিয় সাথী,

আগামী ২৫ডিসেম্বর, শুক্রবার ২০২০ বড় বাজার, চন্দননগর হুগলী সবুজের অভিযান প্রাঙ্গণে সরকারী বিধি মেনে পরিবেশ কর্মশালার আয়োজন করা হয়েছে। কর্মশালা চলবে সকাল ১০ টা থেকে বিকেল ৪টা পর্যন্ত । নিম্নবর্ণিত কর্মসূচিগুলি নিয়ে আলোচনা হবেঃ–

১. দীর্ঘ ৩ মাস ধরে জলের অপচয় বন্ধ করতে প্রচার কর্মসূচি ।

২. সাম্প্রতিককালে সেচ্ছাসেবিদের সংগঠনের দাবীকে মান্যতা দিয়ে রাজ্য সরকার হাওড়া-হুগলীর মধ্যে প্রবাহিত ৭৭ কিমি জুড়ে সরস্বতী নদীর সংস্কারের কাজ আরম্ভ করেছে। সংস্কারের পরে যাতে পুনরায় সরস্বতী নদীর নির্মল জল প্রবাহ ব্যাহত না হয়, তার জন্য প্রচার কর্মসূচি ।

৩. প্লাস্টিক নিয়ন্ত্রণ ও তার বদলে জুট ব্যবহারের উদ্যোগকে একটি গণ আন্দোলনের রূপ দেবার জন্য আমরা সচেষ্ট ।

উপরোক্ত কর্মসূচিগুলি কার্যকরী করতে আমরা দুটি পুস্তক বিভিন্ন লেখকের লেখা নিয়ে প্রকাশ করার উদ্যোগ নিয়েছি । বই দুটির নাম যথাক্রমঃ---

১. সরস্বতী নদীরর একাল সেকাল
২. সোনালী পাটের কথকতা

আপনি ব্যাক্তিগতভাবে বা সংগঠনের পক্ষে যদি কর্মশালায় যোগদান করতে ইচ্ছুক হন তবে ১৫ই ডিসেম্বরের মধ্যে লিখিত ভাবে বা টেলিফোনে যোগাযোগ করে জানাবেন।

যে সমস্ত ব্যাক্তি বা সংগঠন কর্মশালায় যোগদান করবেন তাঁরা সারাবছর পরিবেশ নিয়ে যে সমস্ত কাজ করেছেন তার একটি লিখিত প্রতিবেদন আনবেন এবং পরিবেশ আন্দোলন সম্পর্কে আপনাদের যদি কোন মতামত থাকে তা এই প্রতিবেদনে উল্লেখ করবেন । কর্মশালায় যোগদানের জন্য কোন প্রবেশ মূল্য নেই । যদি কোন ব্যাক্তি বা সংগঠন স্বেচ্ছায় কোন অর্থ প্রদান করেন তা ধন্যবাদের সঙ্গে গ্রহণ করা হবে ।

আপনার/আপনাদের উপস্থিতি একান্ত কাম্য ও প্রয়োজন ঐক্যবদ্ধ পরিবেশ আন্দোলন গড়ে তোলার জন্য।

অভিনন্দন সহ ,

জয়দেব দে
পক্ষে কাঁচরাপাড়া বিজ্ঞান দরবার
মোঃ ৮৩৩৬০৪৩০৪৮. e.mail: bijnandarbar1980@gmail.com
তারিখঃ ০৬.১২.২০২০
চন্দন নগর , হুগলী

বিশ্বজিৎ মুখোপাধ্যায়
সভাপতি
পরিবেশ আকাদেমী
ফোন ৮৪২০৫২৯৯৬৬
E.MAIL: biswajit.envlaw@gmail.com